

স্মারক নম্বর: এনএইচআরসিবি/প্রেসবিজ্ঞ-২৩৯/১৩-২০৭

তারিখঃ ২৫ ডিসেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

খ্রিষ্ট ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব বড়দিন উপলক্ষ্যে আজ রাজধানীর তেজগাঁওয়ের হলি রোজারি চার্চে খ্রিস্টান ধর্মাবলম্বীদের সাথে আন্তরিক শুভেচ্ছা বিনিময় করেন জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদের নেতৃত্বে প্রতিনিধি দল। এ সময় কমিশনের মাননীয় সার্বক্ষণিক সদস্য জনাব মোঃ সেলিম রেজা, অবৈতনিক সদস্য জনাব মোঃ আমিনুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব কাজী আরফান আশিক ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ সৌহার্দ্যপূর্ণ পরিবেশে মতবিনিময়কালে বলেন, "যিশু খ্রীষ্ট মানব জাতির জন্য ভালোবাসা ও সম্প্রীতির বার্তা নিয়ে এসেছিলেন। তিনি শিখিয়েছেন সেবা, ত্যাগ, সংযম, ক্ষমা ও ন্যায়ের মহান বাণী। আমরা সবাই মানবিক সমাজ প্রত্যাশা করি। মানবতার মহান ব্রতে উদ্বুদ্ধ হয়ে আমাদের সবাইকে পারস্পরিক শ্রদ্ধা ও সহনশীলতার সংস্কৃতি বজায় রাখার প্রচেষ্টা চালাতে হবে। আমাদের রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয় সকল পর্যায়ে সহনশীলতার চর্চা বৃদ্ধি পাবে বলে আমার বিশ্বাস।

তিনি আরো বলেন, ধর্মীয় সম্প্রীতি ও উৎসব আমাদের জাতীয় জীবনের অনুষ্ণ এবং আমাদের সংস্কৃতির অপরিহার্য দিক। আবহমানকাল থেকেই বাংলায় পারস্পরিক শ্রদ্ধা, সৌহার্দ্য ও সম্প্রীতির মাধ্যমে সংস্কৃতির বিকাশ হয়েছে। মানবতার মুক্তি এবং সামাজিক বন্ধন দূর করতে ধর্মীয় সম্প্রীতির বিকল্প নেই।

কমিশনের মাননীয় সার্বক্ষণিক সদস্য জনাব সেলিম রেজা মতবিনিময়কালে সহিষ্ণুতা, সহাবস্থান ও সহযোগিতার অঙ্গীকার ব্যক্ত করেন। পরিদর্শনকালে জাতীয় মানবাধিকার কমিশনের প্রতিনিধিদল সার্বিক ব্যবস্থাপনা ও নিরাপত্তা পরিস্থিতির উপর সন্তোষ প্রকাশ করেন।

স্বাক্ষরিত/-

ফারহানা সান্দ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন